

প্রযুক্তির নাম: ড্রিপ-ফার্মিগেশন পদ্ধতিতে গ্লাডিওলাস ফুলের চাষ

### ভূমিকা

বাংলাদেশে শীতকালে সীমিত বৃষ্টিপাত বা খরাজনিত কারণে জলাধারে পানি বা ফসলের মাটিতে পর্যাপ্ত আর্দ্রতা থাকে না। এছাড়া, পানির সুষ্ঠু বিতরণ ব্যবস্থা না থাকায় পানির অপচয় বেড়ে যায় এবং সেচ এলাকাও কমে যায়। ফলে রবি ফসল বিশেষ করে সেচ সংবেদনশীল ফসলের ফলন কমে যায়। এ প্রযুক্তিতে পানির সাথে রাসায়নিক সার মিশিয়ে ফসলে প্রয়োগ করা হয়। সারা বিশ্বের মতো বাংলাদেশেও বিভিন্ন উৎসবে ফুল এখন অন্যতম অনুষ্ণ। কম পুর্জিতে ব্যবসা সম্ভব বলে গ্লাডিওলাস ফুল চাষে কৃষকের আগ্রহ উত্তোরত্তর বৃদ্ধি পাচ্ছে। বর্তমান বাজারে গ্লাডিওলাস একটি উচ্চ মূল্যের ফুল। ড্রিপ ফার্মিগেশন পদ্ধতিতে এই ফুলের চাষ করলে আশানুরূপ ফলন পাওয়া যায় এবং অত্যাধিক মুনাফা অর্জন করা সম্ভব।

### উল্লেখযোগ্য বৈশিষ্ট্য

- ফার্মিগেশন পদ্ধতিতে প্রতি ৩ (তিন) দিন অন্তর গাছের গোড়ায় ফেঁটায় ফেঁটায় সেচ প্রয়োগ করা হয়। ফসলের জন্য অনুমোদিত সার (ইউরিয়া, এমওপি) ট্যাংকের পানির সাথে মিশ্রিত করে জমিতে প্রয়োগ করা যায়। এ ক্ষেত্রে সার মিশ্রণের পরিমাণ ১৪০ লিটার পানিতে ১ কেজি।
- এ পদ্ধতিতে প্রতি হেক্টরে ২১-২৩ টন গ্লাডিওলাস উৎপাদন করা সম্ভব।
- প্রচলিত ফ্লাড এবং শাওয়ার সেচ পদ্ধতির চেয়ে শতকরা ৫০-৫৫ ভাগ সেচের পানি সাশ্রয় হয়।
- এতে প্রচলিত পদ্ধতির চেয়ে শতকরা ২০-৪০ ভাগ ইউরিয়া কম ব্যবহারে ভালো ফলন পাওয়া যায়।
- ফার্মিগেশন পদ্ধতিতে গ্লাডিওলাস চাষের আয়-ব্যয়ের অনুপাত ৩:১ এবং প্রচলিত পদ্ধতির চেয়ে দ্বিগুন লাভ পাওয়া যায়।

### উপযোগীতা

বাংলাদেশের ফুল চাষের উপযোগী সব এলাকার জন্য এ প্রযুক্তি কার্যকর। শুরুর মৌসুমে যে সকল এলাকায় সেচের পানির ঘাটতি থাকে সে সকল এলাকায় গ্লাডিওলাস ফুল উৎপাদনে ফার্মিগেশন প্রয়োগ একটি কার্যকরী পদ্ধতি।

### আর্থ সামাজিক প্রেক্ষাপট:

কৃষিতে পানির অভাবজনিত সমস্যা লাঘবের জন্য ফসলের উৎপাদনশীলতা, পানি ও রাসায়নিক সার ব্যবহারের দক্ষতা বৃদ্ধি, মান সম্পন্ন ফসল উৎপাদন, ভূ-গর্ভস্থ পানির সংরক্ষণ ও পরিবেশ রক্ষা তথা কৃষির টেকসই উন্নয়নের জন্য। ড্রিপ ফার্মিগেশন একটি অত্যাবশ্যকীয় প্রযুক্তি।



ড্রিপ-ফার্মিগেশন পদ্ধতিতে গ্লাডিওলাস ফুলের চাষ

### যোগাযোগ:

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগ

বিএআরআই, গাজীপুর।

ফোন: ০২৪৯২৭০১৭৫

ইমেল: [cso.iwm@bari.gov.bd](mailto:cso.iwm@bari.gov.bd)